


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.৪০.০৪০.২০১৫-৬৭২


তারিখঃ ২৩/০৫/২০১৭খ্রিঃ

বিষয় : ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-২ বেগম মিনি আখতার উর্মি কর্তৃক উত্থাপিত অভিযোগের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সাভার কর্তৃক প্রদত্ত জবাব।

সূত্র : (১) উপজেলা নির্বাহী অফিসার, সাভার এর স্মারক নং-০৫.৪১.২৬৭২.০০১.০১৩.০১.১৩-৩৩২/১, তাং ২৫/০৪/২০১৭
(২) জেলা প্রশাসক, ঢাকার স্মারক নং-০৫.৪১.২৬০০.০১৭.২৭.০০১.১৫.২৫৩ (সং), তারিখঃ ১১/০৫/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সাভার উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান বেগম মিনি আখতার উর্মি গত ১৫/২/২০১৭ তারিখে জামিনে মুক্তি পান। পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা তাঁর মুক্তি পাওয়ার বিষয়টি জানেন না এবং মন্ত্রণালয়ের পত্র মারফত বিষয়টি অবহিত হয়েছেন মর্মে ১নং সূত্রোক্ত স্মারকে উল্লেখ করেছেন। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সাভার উপজেলা পরিষদের এ ধরনের বক্তব্য তাঁর দায়িত্বে অবহেলা ও কর্মে অনীহার শামিল।

এমতাবস্থায়, উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনায় বিদ্যমান আইন/বিধি/পরিপত্র/সার্কুলার/নির্দেশিকা যথাযথভাবে অনুসরণপূর্বক পরিষদের কাজে তাঁকে আরো মনোযোগী ও সক্রিয় হওয়ার নির্দেশনা প্রদান করা হলো।


(লুৎফুন নাহার) ১০/৫/২০১৭
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
সাভার, ঢাকা।

অনুলিপিঃ

০১. জেলা প্রশাসক, ঢাকা।
০২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)